

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮-১

ধর্মনগর, ১০ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান

ধর্মনগরে তিরঙ্গা যাত্রা

হর ঘর তিরঙ্গা অভিযানের অঙ্গ হিসেবে আজ উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত তিরঙ্গা যাত্রায় অংশ নেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহৃতা বিপ্লব দাস, জেলার অতিরিক্ত পুলিশ সুপার জে দার্লং, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, জেলা প্রশাসনের ও পুলিশ প্রশাসনের বিভিন্ন আধিকারিক, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, পুলিশ ও টিএসআর জওয়ান, স্বসহায়ক দলের সদস্য, সদস্যা ও অন্যান্যরা। বিবিআই-এর খেলার মাঠ থেকে এই তিরঙ্গা যাত্রা শুরু হয়ে ধর্মনগর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। তিরঙ্গা যাত্রায় অংশগ্রহণকারীদের হাতে হাতে ছিল জাতীয় পতাকা।
